মানুষের সাথে,মানুষের পাশে

# নিউজ 24 আয়ার্স

www.newz24hours.com || সোমবার || ২৯ শে জৈষ্ঠ্য, ১৪২৯ || ১৩ জুন, ২০২২

## কোরিয়ান ভক্ত প্রয়াত গায়ককে আন্তরিক শ্রদ্ধা জানিয়েছেন



প্রয়াত পাঞ্জাবি গায়ক সিধু মুস ওয়ালা (Sidhu Moose Wala) একটি বিশ্বব্যাপী ঘটনা এবংতা এখানে স্পষ্ট । পূর্ব থেকে পশ্চিমে, পাঞ্জাব থেকে এশিয়া পর্যন্ত, সিধু মুজ ওয়ালার সারা বিশ্বে ভক্ত রয়েছে। ভাইরাল ভায়ানি একটি ভিডিও শেয়ার করেছেন যেখানে কোরিয়ার একজন ব্যক্তি পিচ-নিখুঁত সাবলীলতার সাথে তার জনপ্রিয় ট্র্যাকটি গেয়ে প্রয়াত গায়ককে শ্রদ্ধা জানাচ্ছেন।

## রোহিতকে নিয়ে কী বললেন রবি শাস্ত্রী



আইপিএলের এই মরসুমে খারাপ খেলে সবার নীচে শেষ করেছে মুম্বাই ইন্ডিয়ানস্। অধিনায়ক রোহিত শর্মা (Rohit Sharma) নিজেও খারাপ খেলেছেন। শনিবার দিল্লির বিরুদ্ধে ফিরে যান দু'রানে। ১৪ ম্যাচে মাত্র ২৬৮ রান করেছেন, যা আইপিএলের ইতিহাসে তাঁর সবচেয়ে খারাপ পরিসংখ্যান।

রোহিতের (Rohit Sharma) এই পারফর্মেন্স নিয়ে রবি শাস্ত্রী সাফ বললেন "আমার মতে, রোহিতের এখন বিশ্রাম নেওয়ার দরকার নেই। বিরাটের ব্যাপারে বলতে পারি, ও গত এক-দেড় বছর টানা ক্রিকেট খেলছে। রোহিত কিন্তু বিশ্রাম পেয়েছে। ও দক্ষিণ আফ্রিকায় যায়নি। অস্ট্রেলিয়া সফরের অর্ধেক খেলেনি। দলের ব্যর্থতার পিছনে ও দায়ী নয়। এ বার কোনও কিছুই ওদের কাজে লাগেনি। দলের ক্রিকেটাররাও কোনও মতে মরসুম শেষ করার জন্য অপেক্ষা করছিল। এখন ও ইংল্যান্ডে যাওয়ার আগে ১০-১৫ দিনের বিরতি পাবে।"

## ফ্যাশন ডিজাইনারের আত্মহত্যা নিয়ে কি বললেন রাম চরণের স্ত্রী



রাম চরণের স্ত্রী উপাসনা কোনিদেলা সেলিব্রিটি ফ্যাশন ডিজাইনার প্রথ্যুষা গারিমেলার (Prathyusha Garimella) মর্মান্তিক মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। বিখ্যাত ডিজাইনার শনিবার হায়দরাবাদে তার বুটিকে কার্বন মনোক্সাইড শ্বাস নিয়ে 33 বছর বয়সে আত্মহত্যা করেছেন বলে অভিযোগ। তবে এ বিষয়ে পুলিশের প্রতিবেদনের অপেক্ষায় রয়েছে। উপাসনা তার আত্মহত্যার বিষয়ে জানতে পেরে 'মর্মাহত', এবং তিনি প্রথ্যুষার দুটি ইনস্টাগ্রাম গল্প শেয়ার করেছেন।

একটি গল্পে উপাসনা এই সংবাদে প্রতিক্রিয়া জানিয়েছিল, "আমার প্রিয়তম বন্ধু আমার প্রিয়তম বন্ধু। খুব শীঘ্রই চলে গেলেন তার ক্যারিয়ার, বন্ধুবান্ধব এবং পরিবার সবকিছুর সেরা ছিল-তবুও বিষণ্ণতায় ডুবে গিয়েছিলেন ।"

ডিজাইনারকে(Prathyusha Garimella) তার বুটিকের ওয়াশরুমে অচল অবস্থায় পাওয়া গেছে এবং তার শরীরের কাছে একটি সুইসাইড নোটও পাওয়া গেছে। পুলিশ বলেছে যে নোটে, প্রথ্যুষা বলেছে যে তার চরম পদক্ষেপের জন্য কেউ দায়ী নয় এবং সে একাকী এবং মানসিক চাপ অনুভব করছিল এবং তার বাবা-মায়ের উপর আর বোঝা হয়ে উঠতে চায় না।

পুলিশ জানিয়েছে যে ফ্যাশন ডিজাইনার (Prathyusha Garimella) হায়দ্রাবাদ শহরের পশ বানজারারা হিলস এলাকায় অবস্থিত তার বুটিকে কিছু বিষাক্ত রাসায়নিক শ্বাস নিয়ে তার জীবন শেষ করেছেন বলে সন্দেহ করা হচ্ছে। রাসায়নিকটি আরও ফরেনসিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে, তবে এটি কার্বন মনোক্সাইড বলে সন্দেহ করা হচ্ছে।

NEWZ 24 HOURS
মানুষের সাথে,মানুষের পাশে

## পানিহাটি দণ্ড মহাউৎসবে বিপুল ভিড়ের চাপে মৃত ৩, অসুস্থ বহু!



রবিবার উত্তর ২৪ পরগনার পানিহাটি (Panihati) দণ্ড চিড়ে উৎসবে চরম বিশৃঙ্খলা। ভিড়ের চাপে ও প্রচণ্ড গরমে ৩ জনের মৃত্যু হয়। অসুস্থ হয়ে আরও অনেকেই ভরতি হয় হাসপাতালে।হাসপাতাল সূত্রে খবর,অসুস্থ হওয়া ব্যক্তিদের মধ্যে কয়েকজনের অবস্থা আবার আশঙ্কাজনক।এই ঘটনা প্রকাশ্যে আসতেই প্রশাসনের তরফে মৃতদের পরিবার পিছু ২ লক্ষ টাকা করে সাহায্য ঘোষণা করা হয়েছে।উল্লেখ্য, রবিবার সকাল থেকেই উত্তর ২৪ পরগনা জেলার পানিহাটির (Panihati) মহোৎসব তলা ঘাটে ৫০৬ তম দণ্ড উৎসব পালিত হচ্ছিল।সোদপুর থেকে ডানলপ যাওয়ার পথে সাগরদত্ত স্টেট জেনারেল হাসপাতালের আগে রাস্তার ধারে মঞ্চ করে এই উৎসবের আয়োজন করা হয়েছিল। সকাল থেকেই মাইকিং চলছিল সেখানে।উদ্যোক্তাদের তরফে প্রয়োজনীয় খাবার ও জলের ব্যবস্থা রাখা হয়েছিল।মূলত প্রতিবছর এই মেলা হলেও,করোনা পরিস্থিতির কারণে গত দু বছর বন্ধ ছিল এই মেলা।কিন্তু এ বছর ফের চালু হতেই প্রচুর দর্শকের সমাগম হয় সেখানে।আর তাতেই ঘটে বিপত্তি।বেলা বাড়ার সঙ্গে সঙ্গেই মঞ্চের সামনে বাড়তে থাকে ভিড়। আর সেই প্রচণ্ড ভিড়েই ঘটে যায় মারাত্মক দুর্ঘটনা। সেই উৎসবেই প্রচণ্ড গরমের মধ্যে মারা যান তিন জন। হাসপাতালে পাঠানো হয়েছে আরও অনেককে।এদিনের এই ঘটনা প্রসঙ্গে পানিহাটির তৃণমূল বিধায়ক নির্মল ঘোষের বক্তব্য, 'লক্ষ লক্ষ মানুষ আসছেন। এত গরম যে ভিড়ের মধ্যে এমন হয়েছে। দুই জন প্রাণ হারিয়েছেন। আরও কয়েকজন অসুস্থ। ভিড়কে কমিয়ে দেওয়ার ব্যবস্থা করছি। স্বেচ্ছাসেবকদের নিয়ে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা হচ্ছে।'অন্যদিকে এই ঘটনার কথা প্রকাশ্যে আসতেই ট্যুইট করে শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী। তিনি লেখেন,' পানিহাটির ইসকন মন্দিরে দণ্ডমহোৎসবে তাপ ও আর্দ্রতার কারণে ৩ জন বৃদ্ধ ভক্তের মৃত্যুর খবর পেয়ে মর্মাহত। সিপি এবং ডিএম ছুটে এসেছেন, সমস্ত সাহায্য দেওয়া হচ্ছে। শোকাহত পরিবারের প্রতি আমার সমবেদনা' ।টুইটে শোকপ্রকাশ করে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন,'হৃদয় বিদারক ঘটনা পানিহাটিতে (Panihati)।পানিহাটিতে দণ্ড মহোৎসবে তিন পুন্যার্থীর মৃত্যু হয়েছে। অসুস্থ আরও অনেকে। মৃতদের পরিজনদের প্রতি আমার আন্তরিক সমবেদনা জানাই এবং যাঁরা অসুস্থ হয়ে পড়েছেন, তাঁরা যাতে দ্রুত সুস্থ হয়ে ওঠেন, সেই কামনা করি।'

## জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজে করোনা আক্রান্ত পড়ুয়ারা, ভয়ে হোস্টেল ছাড়ছেন অনেকে



দুদিন আগে জলপাইগুড়ির গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং কলেজের দ্বিতীয় বর্ষের কয়েকজন পড়ুয়া করোনা(Corona) আক্রান্ত হন। সংক্রমণ ছড়িয়ে পড়তেই কলেজের হোস্টেল ছাড়ছেন আতঙ্কিত পড়ুয়ারা। রবিবার সকালে পড়ুয়াদের হোস্টেল ছেড়ে নিজেদের বাড়িতে রওনা দিতে দেখা গেল।জলপাইগুড়ির গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং কলেজের দ্বিতীয় বর্ষের কয়েকজন পড়ুয়া করোনা(Corona) আক্রান্ত হওয়া ছাড়াও অনেক পড়ুয়ার দেহে করোনার উপসর্গও ধরা পড়ে। এর জেরে অনির্দিষ্টকালের জন্য কলেজের পঠন পাঠন বন্ধ করে দেওয়া হয়েছে। এছাড়াও সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছে আসন্ন সেমিস্টারের পরীক্ষা।এই বিষয়ে কলেজের অধ্যক্ষ অমিতাভ রায় জানিয়েছেন, 'ইতিমধ্যেই জলপাইগুড়ি জেলা হাসপাতালের কোভিড বিভাগে চার জন ছাত্রকে ভর্তি করানো হয়েছে। এ ছাড়া, নিভৃতবাসে রয়েছেন আরও চার জন ছাত্র।'আগামী ১৫ ই জুন থেকে কলেজে বিভিন্ন বর্ষের পরীক্ষা শুরু হতে চলেছিল। কিন্তু করোনা(Corona) সংক্রমণ ছড়িয়ে পড়ার জেরে পরীক্ষাগুলি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হয়েছে বলে জানিয়েছেন কলেজ কর্তৃপক্ষ। হঠাৎ করেই কলেজে করোনা সংক্রমনের এই ঘটনায় চিন্তিত কলেজের পড়ুয়া এবং তাদের অভিভাবকেরা।ফলে হোস্টেলে থাকার সন্তানদের বাড়ি ফিরিয়ে নিয়ে যাওয়ার কথা অধ্যক্ষকে জানিয়েছেন বহু অভিভাবক। এদিন সকালে দেখা যায় বিভিন্ন বর্ষের ছাত্রছাত্রীরা ব্যাগ পত্র নিয়ে নিজেদের বাড়ির পথে রওনা হয়েছেন।

## লাগামহীন রাজ্যের করোনা সংক্রমণ



গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্তের(Corona Update) সংখ্যা পেরোলো ১০০ এর গণ্ডি। রবিবার রাজ্য স্বাস্থ্য দপ্তরের তরফে প্রকাশ করা প্রয়োজন রিপোর্ট অনুযায়ী গত ২৪ ঘন্টায় রাজ্যে করোনা আক্রান্ত হয়েছেন ১২৩ জন। এছাড়াও লাফ দিয়ে বৃদ্ধি পাচ্ছে অ্যাক্টিভ কেসের সংখ্যা। রাজ্যে দৈনিক সংক্রমণের হার সামান্য কমে হয়েছে ১.৬০ শতাংশ।

এখনো পর্যন্ত রাজ্যে করোনা আক্রান্ত(Corona Update) হয়েছেন ২০,২০,২৯৬ জন। দৈনিক সংক্রমণ এবং সংক্রমণের হারে বাড়বাড়ন্ত লক্ষ্য করা গেলেও গত ২৪ ঘন্টায় বাংলায় করোনার আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যা শূন্য। এখনো পর্যন্ত রাজ্যে করোনা আক্রান্ত হয়ে মারা গিয়েছেন ২১,২০৫ জন। স্বাস্থ্য দপ্তরের প্রকাশিত বুলেটিন রিপোর্ট অনুযায়ী একদিনে রাজ্যে করোনা মুক্ত হয়েছেন ৫৪ জন।

## আমেরিকার সঙ্গে সম্পর্ক মারাত্মক সংকটময় মুহূর্তে -----চীন



চীনের প্রতিরক্ষামন্ত্রী ওয়ি ফাংহো বলেছেন, আমেরিকার সঙ্গে তার দেশের সম্পর্ক মারাত্মক সংকটময় মুহূর্তে পৌঁছেছে। একইসঙ্গে ওয়াশিংটনকে তিনি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, "চীনের স্বার্থ ক্ষতিগ্রস্ত করা থেকে বিরত থাকুন।"

সিঙ্গাপুরে অনুষ্ঠিত গতকাল রোববার শাংরি-লা নিরাপত্তা সংলাপে দেয়া বক্তৃতায় তিনি এসব কথা বলেন। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন আঞ্চলিক অস্থিতিশীলতা তৈরীর জন্য চীনের সামরিক তৎপরতাকে দায়ী করে যে বক্তব্য দিয়েছেন তারও কঠোর সমালোচনা করেন ফাংহো।

চীনা প্রতিরক্ষামন্ত্রী বলেন, "চীন থেকে তাইওয়ানকে বিচ্ছিন্ন করার জন্য যে প্রচেষ্টা শুরু হয়েছে তার বিরুদ্ধে বেইজিংয়ের সামনে লড়াই করা ছাড়া আর কোনো পথ নেই। আমরা যে কোনো মূল্যে লড়াই করব এবং শেষ পর্যন্ত এই লড়াই আমরা চালিয়ে যাব।"

চীনের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করা থেকে বিরত থাকতে ওয়াশিংটনের প্রতি জোরালো আহ্বান জানান ওয়ি। তিনি আরো বলেন, ইন্দো-প্যাসিফিক অঞ্চলের দেশগুলোকে হাইজ্যাক করার চেষ্টা করছে ওয়াশিংটন। একইসঙ্গে আমেরিকাকে অভিযুক্ত করে চীনা প্রতিরক্ষামন্ত্রী বলেন, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন সংঘাত এবং যুদ্ধের কৌশল অনুসরণ করছে। তিনি বলেন, ১৩ দেশের অংশগ্রহণে সম্প্রতি ইন্দো-প্যাসিফিক ইকোনমিক ফ্রেমওয়ার্ক গঠনের জন্য যে ঘোষণা দিয়েছে আমেরিকা তা মূলত চীনকে টার্গেট করেই করা হয়েছে। এটি এমন একটি কৌশল যা দ্বন্দ্ব এবং সংঘাতকে উসকে দেবে। আমেরিকা প্রকৃতপক্ষে এক দেশকে ঘিরে অন্য দেশকে দ্বন্দ্বে জড়িয়ে দেয়ার ব্যবস্থা করছে।

ওয়ি ফাংহো বলেন, চীন শান্তি ও স্থিতিশীলতা চায় এবং ইন্দো-প্যাসিফিক অঞ্চলের জন্য এটি কোনো আগ্রাসনকারী দেশ নয়। তিনি আমেরিকাকে সংহতি জোরদার এবং সংঘাত ও বিভক্তির নীতি থেকে সরে আসার আহ্বান জানান।

## প্রয়াত ইন্সপেক্টর অগ্নি মিত্রের বাড়িতে রাজ্যপাল, করলেন আর্থিক সাহায্য!



রবিবার সকালেই সদ্য প্রয়াত ইন্সপেক্টর অগ্নি মিত্রের বারাসাতে হৃদয়পুরের বাড়িতে যান রাজ্যপাল জগদীপ ধনখড় (Jagdeep Dhankhar)।ব্রেন টিউমারে দীর্ঘদিন অসুস্থ থাকার পর গত ৮ জুন প্রয়াত হন এই পুলিশ আধিকারিক।সেই আধিকারিকের পরিবারের হাতেই এদিন ১১ লক্ষ টাকার চেক তুলে দেন রাজ্যপাল।কথা বলেন প্রয়াত পুলিশ আধিকারিকের স্ত্রী ও কন্যার সঙ্গে। সবরকমভাবে তাঁদের সঙ্গে থাকার আশ্বাসও দেন। প্রয়াত পুলিশকর্মীর বাড়ি থেকে বেরিয়ে এদিন রাজনৈতিক কোনও প্রশ্নেরই উত্তর দিতে চাননি রাজ্যপাল জগদীপ ধনকড় (Jagdeep Dhankhar)। শুধু বলেন, "প্রয়াত অগ্নি মিত্রের বাড়িতে এসে তাঁর পরিবারকে সমবেদনা জানালাম । তাঁর স্ত্রী এবং দুই কন্যার সঙ্গে কথা বলেছি । শোকস্তব্ধ পরিবারের পাশে রয়েছি।" রাজ্যপাল আরও বলেন, "প্রয়াত অগ্নি মিত্র পুলিশের একজন দক্ষ অফিসার ছিলেন । নিজের কর্তব্যে অবিচল ছিলেন তিনি । তাঁর প্রয়াণে আমি মর্মাহত।"

NEWZ 24 HOURS
মানুষের সাথে,মানুষের পাশে